# আল-গাশিয়া | Al-Ghashiya | ٱلْغَاشِيَة

আয়াতঃ ৮৮ : ২৪

## আরবি মূল আয়াত:

فَيُعَذِّبُهُ اللّٰهُ الۡعَذَابَ الۡاَكۡبَرَ ﴿۲۴﴾

## অনুবাদসমূহ:

ফলে আল্লাহ তাকে কঠোর আযাব দেবেন। — আল-বায়ান

আল্লাহ তাকে মহাশাস্তিতে শাস্তি দেবেন। — তাইসিরুল

আল্লাহ তাকে কঠোর দন্ডে দন্ডিত করবেন। — মুজিবুর রহমান

Then Allah will punish him with the greatest punishment. — Sahih International

### ২৪. আল্লাহ তাদেরকে দেবেন মহাশাস্তি।(১)

(১) আবু উমামাহ আল বাহেলী রাদিয়াল্লাহু ‘আনহু খালেদ ইবনে ইয়াযীদ ইবনে মুআবিয়ার নিকট গমন করলে খালেদ তাকে জিজ্ঞেস করল, আপনি সবচেয়ে নরম বা আশাব্যঞ্জক কোন বাণী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শুনেছেন? তিনি বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, “মনে রেখ! তোমাদের সবাই জান্নাতে প্রবেশ করবে, তবে ঐ ব্যক্তি ব্যতীত যে মালিক থেকে পলায়ণপর উটের মত পালিয়ে বেড়ায়”। [মুসনাদে আহমাদ: ৫/২৮৫, মুস্তাদরাকে হাকিম: ১/৫৫]

তাফসীরে জাকারিয়া

### ২৪। আল্লাহ তাকে কঠোর দন্ডে দন্ডিত করবেন। [1]

[1] আর তা হল, জাহান্নামের চিরস্থায়ী আযাব।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5991

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন